কালের কণ্ঠ

তারিখ ... 25 JAN 2015 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২ ...

### শিক্ষামন্ত্রী বললেন

# শিক্ষার্থীরা এখন নিরাপদে স্কুলে যেতে পারছে না

নিজস্ব প্রতিবেদক ▷

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, 'আমাদের শিক্ষা পরিবারের প্রায় ছয় কোটি সদস্য। যা মোট জনসংখ্যার এক-তৃতীয়াংশ। কয়েক দিন আগেই চার কোটি ৪৪ লাখ শিক্ষার্থীকে বই দেওয়া হয়েছে। কিন্তু শিক্ষার্থীরা এখন নিরাপদে স্কুলে যেতে পারছে না। তারাও হামলার শিকার হচ্ছে।' গতকাল শনিবার বিকেলে জাতীয় প্রেসক্লাবে নোমান রশীদের ছয়টি গ্রন্থের প্রকাশনা উৎসবে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, 'আমাদের জনসংখ্যা যখন পাঁচ কোটি ছিল তখন আমাদের দুর্ভিক্ষ ছিল। এখন ১৬ কোটি জনসংখ্যা, কিন্তু আমরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণ। এখন শতভাগ শিশু স্কুলে যায়।' নোমান রশীদের গ্রন্থ নিয়ে বলেন, তাঁর লেখায় যে সৃজনশীলতার প্রমাণ রেখেছেন, তা আমাদের শিক্ষক-সমাজের জন্য প্রেরণার বিষয়। নোমান রশীদ বলেন, কবিতার গীতলতা এবং কাঠামো-ভাবনা আমাকে নিরন্তর তাগাদা দেয়। নিজের কল্পনা ও চিন্তাগুলো প্রকাশ করেছি ওই তাগিদ আর দায়বোধ থেকে।

নোমান রশীদ বর্তমানে জাতীয় বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ। এর আগে তিনি মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি একাধারে লেখক, কবি ও শিক্ষক। আসন্ন বইমেলা উপলক্ষে তাঁর ছয়টি গ্রন্থ প্রকাশিত হয়েছে।

অনুষ্ঠানে আরো বক্তব্য দেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ, সাবেক অতিরিক্ত সচিব সিরাজ উদ্দিন আহমেদ প্রমুখ।